

## বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণকে ঐতিহাসিক দলিল হিসেবে স্বীকৃতি

ঢাকা, ৩১ অক্টোবর

বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণকে ঐতিহাসিক দলিল হিসেবে স্বীকৃতি দিল ইউনেস্কো। এর ফলে এ ঐতিহাসিক ভাষণ ইউনেস্কো'র মেমোরি অব্ দি ওয়ার্ল্ড (এমওডব্লিউ) রেজিস্টারে নিবন্ধিত হলো। এমওডব্লিউ-তে এটাই প্রথম কোন বাংলাদেশী দলিল, যা আনুষ্ঠানিক ও স্থায়ীভাবে সংরক্ষিত হবে।

এই ঐতিহাসিক মুহূর্তে শিক্ষামন্ত্রী এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের চেয়ারম্যান নুরুল ইসলাম নাহিদ ইউনেস্কো সদর দপ্তর প্যারিস থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করেন এবং তাঁকে অভিনন্দন জানান। এসময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ধারাবাহিক সমর্থন প্রদানের জন্য ইউনেস্কো'র মহাপরিচালক মিজ ইরিনা বোকোভাকে ধন্যবাদ জানান। তিনি ইউনেস্কো সাধারণ সম্মেলনে অংশগ্রহণরত বাংলাদেশ প্রতিনিধিদলের প্রধান শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রতিনিধিদলের অন্যান্য সদস্যদেরও ধন্যবাদ জানান।

মেমোরি অব্ দি ওয়ার্ল্ড (এমওডব্লিউ)-তে বর্তমানে ডকুমেন্ট ও সংগ্রহ দাঁড়াল ৪২৭টি।

উল্লেখ্য, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইউনেস্কো'র সদর দপ্তর প্যারিসে ৩৯তম সাধারণ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন এবং গতকাল তিনি চলমান সাধারণ সম্মেলনের ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯